

দ্বিতীয় শ্রেণি অর্ধ বার্ষিকী

ভূগোল

গ্রামের কথা (পৃ: ১১-১৫) ও শহরের কথা (পৃ: ১৬-১৮)

পূর্ণবাক্যে উত্তর দাও:-

প্র: একটি আদর্শ গ্রামের কী কী বৈশিষ্ট্য দেখা যায়?

উঃ: সুগঠিত বিদ্যালয়ে শিক্ষা ব্যবস্থা, চিকিৎসার জন্য স্বাস্থ্যকেন্দ্রের ব্যবস্থা, বাজার-হাট ও দোকানে কেনাবেচার ব্যবস্থা, যোগাযোগের জন্য ডাকঘর, ভালো রাস্তা ও যানবাহনের ব্যবস্থা প্রভৃতি আদর্শ গ্রামে দেখা যায়। এছাড়াও যেখানে সৎ শিক্ষিত ও সম্বল মানুষ একসাথে বসবাস করে তাকেই আদর্শ গ্রাম বলা যায়।

প্র: শহর থেকে কি কি জিনিস গ্রামে যায়?

উ: পৃষ্ঠা ১৮

প্র: শহরের বিশেষত্ব কী?

উঃ: পৃষ্ঠা ১৬

প্র: শহরের প্রতি লোকের এত আগ্রহ কেন?

উঃ: পৃষ্ঠা ১৭

প্র: জীবিকা বলতে কী বোঝ?

উঃ: মানুষ তার সংসার চালানোর খরচ সংগ্রহ করার জন্য যে সমস্ত কাজ করে অর্থ উপার্জন করে, সেই সকল কাজকেই তার জীবিকা বলা হয়।

প্র: জেরা ক্রসিং শহরের রাস্তায় কেন থাকে?

উঃ: জেরা ক্রসিং দিয়ে রাস্তা পারাপার করলে মানুষের বিপদের ঝুঁকি অনেক কমে যায়। তাই জেরাক্রসিং দিয়েই সব সময় রাস্তা পারাপার করা উচিত।

প্র: শহরে ট্রাফিক পুলিশ কোথায় থাকেন ও তাদের কাজ কী?

উঃ: বড় রাস্তার মোড়ে মোড়ে ট্রাফিক পুলিশ থাকেন ও যানবাহন নিয়ন্ত্রণ করেন।

প্র: শহরে থাকার সুবিধা কী?

উঃ: পৃষ্ঠা ১৭

প্র: গ্রাম ও শহরের মধ্যে তফাৎ কী?

উ: গ্রাম

ঘরবাড়ি:

১) গ্রামের বেশিরভাগ বাড়ি কাঁচা। মাটি বা ইটের দেওয়াল এবং খড়, টালি বা টিনের চাল।

যোগাযোগ ব্যবস্থা:

২) গ্রামের রাস্তা কাঁচা ইট বা মাটি তৈরি।

যানবাহন:

৩) গ্রামে গরুর গাড়ি, সাইকেল, ভ্যান, রিক্সা প্রভৃতি চলে।

উৎপন্ন দ্রব্য:

৪) গ্রামে টাটকা শাকসবজি ও ফল পাওয়া যায়।

দূষণ:

৫) গ্রামে খোলা মাঠ, পুকুর ও প্রচুর গাছপালা থাকায় বায়ু হয় দূষণমুক্ত।

শহর

ঘরবাড়ি:

১) শহরের বেশিরভাগ বাড়ি পাকা। ইট, বালি, সিমেন্ট এর দেওয়াল এবং ঢালাই ছাদ থাকে।

যোগাযোগ ব্যবস্থা:

২) শহরের রাস্তা পাকা, পিচ বা খোয়ার তৈরি।

যানবাহন:

৩) শহরে বাস, লরি, ট্রাম, ট্যাক্সি, পাতালরেল প্রভৃতি চলে।

উৎপন্ন দ্রব্য:

৪) শহরে প্যাকেটজাত খাবার বেশি পাওয়া যায়।

দূষণ:

৫) শহরে গাড়ি ও কলকারখানার ধোঁয়ায় বায়ু হয় দূষিত।

[বিশেষ দ্রষ্টব্য: বই ভালো করে রিডিং পড়ে মুখস্ত করতে হবে।]